পরিশিষ্ট-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জুলাই ০১, ২০২০ - জুন ৩০, ২০২১

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

তাঁতকুঞ্জ সিরাজগঞ্জ

**উপজেলা সমবায় কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর**

**এবং**

**জেলা সমবায় কর্মকর্তা, সিরাজগঞ্জ।**

## সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ০৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৪-০৫ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ,কার্যাবলি | ০৬ |
| সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১২-১৫ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৬ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা সমবায় কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর
এবং

জেলা সমবায় কর্মকর্তা, সিরাজগঞ্জ এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের -২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## উপজেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ সদর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of Divisional Cooperative Office, Rajshahi)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ
- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
- ভবিষ্যৎ পরিকল্পনা

**উপজেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ সদর *এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :***

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ সদর বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ উপজেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ৩৮৬৪ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৭৭২৪০ জন কে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৭-১৮ সনে ১৭৫ টি, ২০১৮-১৯ সনে ১৭৪ টি এবং ২০১৯-২০ সনে ১৬২ টি সহ ৫১১ সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ৩২৫ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। 'সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প' এবং 'ফ্যামিলী ওয়েলফেয়ার প্রকল্প' এর আওতায় সৃষ্ট আবর্তক তহবিল হতে ০৫ সমবায়ী উদ্যোক্তাকে ২৫০০০.০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ন প্রকল্প , আশ্রয়ন প্রকল্প ফেইজ -২ প্রকল্পে ৫০ জন সদস্য এর মধ্যে মোট ৮.৪৪ লক্ষ টাকা ঋণ ঋণ বিতরণ এবং .৬৩ টাকা আদায় করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ৫৩ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও 'রূপকল্প ২০২১', 'এসডিজি' অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত পরিকল্পনা সমূহ বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল কার্যক্রমের মাধ্যমে বিগত ০৩ বছরে ৫০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।

***সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ***

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে সিরাজগঞ্জ সদর উপজেলায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ সদরের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ( ১৩০ টি সিআইজি সমিতিসহ) । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

***ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ***

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতিগুলোর অবসায়ন দ্রুত নিষ্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। অকার্যকর সমিতির নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি ইউনিয়ন ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে, মডেল সমিতির সৃজন করা হবে, সমিতিএর গুণগত মান উন্নয়নের জন্য গৃহীত কার্যক্রমকে জোড়দার করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এছাড়াও সেবা সহজীকরণের জন্য অনলাইন রেজিষ্ট্রেশন ও ই সেবা চালু করা এবং প্রশিক্ষন ও প্রযুক্তি সহায়তা প্রদান করার ম্যাধ্যমে সমবায়ে উদ্যোক্তা সৃষ্টি করা এবং স্বকর্ম সংস্থানের পথ সুগম করার উদ্যোগ নেয়া হবে। সমবায়ের মাধ্যমে দেশীয় দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পন্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মুল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং ,বাজারজাতকরণে সমবায়ীদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহন করা হবে। সমবায়ের মাধ্যমে মহিলা উদ্যোক্তা সৃষ্টি ,নৃ-তাত্বিক জনগোষ্ঠী, অনগ্রসর জনগোষ্ঠী এবং সুবিধাবঞ্চিত মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, ক্ষমতায়ন , সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়নে জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- ০১ টি উৎপাদনমুখি সমবায় সংগঠন করা হবে;
- ০১টি মডেল সমবায় সমিতি সৃষ্টি করা হবে ;
- ২০ জন সমবায়ীকে হিসাব সংরক্ষন , সমবায় ব্যবস্থাপনা ও আয় বর্ধণ মূলক প্রশিক্ষন প্রদান ৭৫ জনকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক শতভাগ নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- ২৬৩ টি সমবায় সমিতির ২০১৯-২০ বর্ষের বার্ষিক নিরীক্ষা সম্পাদন করা হবে।

সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প:

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য:

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

**১.৩.১ সমবায় অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;
২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;
৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি:

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;
৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৮. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

## সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

**** উপজেলার জন্য : যেকোন ০৩টি সূচকের উল্লেখ করতে হবে যেগুলোতে আপনার পারফরমেন্স ভাল।

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | সংখ্যা | ০৭ | ০২ | ৩ | ৩ | ৪ | | |
| | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | সংখ্যা | ১২জুলাই | ২৬ জুলাই | ১৫ জুলাই | ০১ জুলাই | ০১ জুলাই | | |
| | [২.১.৩] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | ০৫জুলাই | ০৯ জুলাই | ১৫ জুলাই | ০১ জুলাই | ০১ জুলাই | | |

## সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবা খাতে সমবায় গঠন | মান: ১৪ | [১.১] নিবন্ধন | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ৭ | ২ | ৩ | ২ | ২ | ১ | ১ | ৩ | ৪ |
| | | | [১.১.২] নিবন্ধন প্রদানকৃত | সংখ্যা | ২ | ৪৫ | ৪৭ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ১০ | ১২ |
| | | | [১.১.৩] নিবন্ধন নিষ্পত্তিরহার | % | ২ | - | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [১.১.৪] উৎপাদনমূখী সমবায় সমিতি গঠিত | সংখ্যা | ৪ | - | - | ১ | ১ | ১ | - | - | ২ | ৩ |
| | | [১.২]উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পুঁজিবিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | জন | ২ | - | ৪ | ৫৫ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৭০ |
| [২] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ | মান: ৪৩ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | সংখ্যা | ৪ | - | ১ | ১ | ১ | ১ | - | - | ২ | ৩ |
| | | | [২.১.২] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | ৪ | ১২জুলাই | ২৬ জুলাই | ১৫ জুলাই | ৩০ জুলাই | ১৪ আগস্ট | ৩০ আগষ্ট | ১ সেপ্টেম্বর | ০৭ আগস্ট | ৩০ জুলাই |
| | | | [২.১.৩] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | ৪ | ১২জুলাই | ২৬ জুলাই | ১৫ জুলাই | ৩০ জুলাই | ১৪ আগস্ট | ৩০ আগষ্ট | ১ সেপ্টেম্বর | ০৭ আগস্ট | ৩০ জুলাই |
| | | | [২.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | তারিখ | ৪ | ০৫জুলাই | ০৯ জুলাই | ১৫ জুলাই | ৩০ জুলাই | ১৪ আগস্ট | ৩০ আগষ্ট | ১ সেপ্টেম্বর | ০৭ আগস্ট | ৩০ জুলাই |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/ অন্তর্বর্তী কমিটি গঠিত | % | ৪ | ১০০% | ৯০% | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ৯২% | ৯৫% |
| | | | [২.২.২] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | তারিখ | ৪ | ৩০ সেপ্টেম্বর | ৩১ আগষ্ট | ৩১ আগষ্ট | ৩০ সেপ্টেম্ব | ৩১ অক্টো | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ আগষ্ট | ৩১ জুলাই |
| | | | [২.২.৩] সমিতি পরিদর্শন সম্পাদিত | সংখ্যা | ৪ | ৬২ | ৪৩ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৬০ | ৬০ |
| | | | [২.২.৪] সমিতির নিরীক্ষা সম্পাদিত | সংখ্যা | ২ | ১৭৪ | ১৬১ | ২৬৩ | ২৩০ | ২০০ | ১৮০ | ১৫০ | ৩০০ | ৩৫০ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদনের হার | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [২.২.৬] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | % | ৩ | ৯০% | ৭০% | ৯০% | ৮০% | ৭০% | ৬৫% | ৬০% | ৯২% | ৯৫% |
| | | [২.৩] রাজস্বআদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | % | ৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিলআ দায়কৃত | % | ৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন | মান: ১৮ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | জন | ৬ | ১০০ | ১০০ | ১০০ | ৭৫ | ৬০ | ৫০ | ৪৫ | ১০০ | ১০০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | % | ৬ | ১০০% | ৮০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সংখ্যা | ২ | ০১ | ০১ | ২ | ২ | ১ | ১ | ২ | ১০ | ১০ |
| | | [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] সেমিনার/ কর্মশালা আয়োজিত | সংখ্যা | ২ | - | - | - | - | - | --- | --- | - | - |
| | | | [৩.৪.২] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | সংখ্যা | ২ | ০১ | - | ০১ | ০১ | ০১ | --- | --- | ০১ | ০২ |

## মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ ২০২০-২১ (প্রস্তাবিত)

| ১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রারমান২০২০-২১ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদনসুচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদনওয়েবসাইটেপ্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মত বিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা / অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিকপ্রতিবেদনপ্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নুনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদ কৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, উপজেলা সমবায় কর্মকর্তা , উপজেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এর পক্ষে জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ , এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ এর পক্ষে, উপজেলা সমবায় কর্মকর্তা , উপজেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জসদর , সিরাজগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে উপজেলা সমবায় কর্মকর্তাকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

( আমাত- উল-ইলাহ খান)
উপজেলা সমবায় কর্মকর্তা
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

২৩.০৭.২০২০
তারিখ

( সামিউল ইসলাম)
জেলা সমবায় কর্মকর্তা
সিরাজগঞ্জ

২৬/০৭/২০২০
তারিখ

## সংযোজনী-১: শব্দ সংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |
| ২ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৩ | বিসিএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৪ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ৫ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিস্টিক্স |
| ৬ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৭ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৮ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৯ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |

## সংযোজনী- ২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১.১] নিবন্ধন | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত | জনসাধারণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করার জন্য সরকারি অর্থায়নে প্রতি উপজেলা/থানা সমবায় কার্যালয় বছরে গড়ে ন্যনতম ২টি সভা আয়োজন করা ছাড়াও জেলা সমবায় কার্যালয় আরও ২ টি সভা আয়োজন করবে। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি। | সরকারি বরাদ্দ না পাওয়া গেলে লক্ষ্যমাত্রা অর্জনে প্রধান কার্যালয়ের ইপিপি শাখা পদক্ষেপ গ্রহণ করবে। |
| | [১.১.২] নিবন্ধন প্রদানকৃত | প্রতি উপজেলা/থানায় বছরে গড়ে ন্যনতম ১৫টি নতুন সমবায় সমিতি নিবন্ধন প্রদানের উদ্যোগ গ্রহণ/নাগরিকের নিকট হতে প্রাপ্ত আবেদন শতভাগ নিষ্পত্তি করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [১.১.৩] উৎপাদনমূখী সমবায় সমিতি গঠিত | জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতি উপজেলা/থানায় কৃষি//অকৃষি/অপ্রচলিত পণ্য উৎপাদকগণকে সংগঠিত করে বছরে ন্যনতম ১টি নতুন সমবায় সমিতি নিবন্ধন অথবা বিদ্যমান সমবায় সমিতির সদস্যগণকে কৃষি//অকৃষি/অপ্রচলিত পণ্য উৎপাদনে উদ্বুদ্ধ করে উৎপাদনমূখী সমিতিতে রুপান্তর করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | নতুন সংযোজন। |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | প্রধান কার্যালয় হতে প্রেরিত গাইডলাইন অনুসরণ করে বিভাগে বিদ্যমান সমবায় সমিতি হতে ন্যনতম ১ টি সমবায় সমিতিকে (কেন্দ্রীয়/প্রাথমিক) বিভাগীয় যুগ্ম নিবন্ধক ও তাঁর দপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ কর্তৃক মডেল সমিতিতে রুপান্তর করা। | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | অধীনস্থ জেলাগুলোর প্রদত্ত তথ্যের সমষ্টি ও বিভাগীয় কার্যালয় কর্তৃক রুপান্তরিত ২ টি সমিতির যোগফল । | নতুন সংযোজন। |
| | [২.১.২] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | ৩০/০৬/২০১৮ তারিখের তথ্যের ভিত্তিতে উপজেলা/জেলা কার্যালয় কর্তৃক প্রণীত এবং জেলা কার্যালয় কর্তৃক সংকলিত অকার্যকর প্রাথমিক সমিতির তালিকা একীভূত করে সংরক্ষণ এবং বিভাগাধীন অকার্যকর কেন্দ্রীয় সমিতির তালিকা প্রণয়ন । | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | নতুন সংযোজন। |
| | [২.১.৩] সমিতির বাৎসরিক নির্বাচনী | ২০১৮-১৯ সনে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে এমন কেন্দ্রীয় সমবায় সমিতির তালিকা | জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | বিভাগীয় অফিস কর্তৃক প্রদত্ত তথ্য | নতুন সংযোজন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ক্যালেন্ডার সংকলিত | প্রণয়ন/সংকলন। | | | | |
| | [২.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | ৩০/০৬/২০১৮ তারিখের তথ্যের ভিত্তিতে উপজেলা/জেলা কার্যালয় কর্তৃক প্রণীত এবং জেলা কার্যালয় কর্তৃক সংকলিত প্রাথমিক সমিতির বার্ষিক পরিসংখ্যান একীভূত করে সংরক্ষণ এবং বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রণীত কেন্দ্রীয় সমিতির বার্ষিক পরিসংখ্যান। | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | নতুন সংযোজন। |
| [২.২] সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত /অন্তর্বর্তী কমিটি গঠিত | ২.১.৩ নং সূচকে প্রণীত নির্বাচনী ক্যালেন্ডার অনুযায়ী নির্বাচনযোগ্য কেন্দ্রীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান তদারক করা। এক্ষেত্রে কোন কারণে নির্বাচন অনুষ্ঠিত না হলে অনতিবিলম্বে অন্তর্বর্তী কমিটি গঠন নিশ্চিত করা। | জেলা ও বিভাগ কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত থাকলেও পরিমাপের একক পরিবর্তিত হয়েছে। |
| | [২.২.২] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | সমবায় বিধিমালা ২০০৪ এর ৫৭ বিধি অনুসরণ করে ন্যূনতম ৫০% কার্যকর সমবায় সমিতির বার্ষিক অনিরীক্ষিত আর্থিক বিবরনী ৩১ আগষ্ট এর মধ্যে প্রাপ্তি নিশ্চিত করা। | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত থাকলেও পরিমাপের একক পরিবর্তিত হয়েছে। |
| | [২.২.৩] সমিতি পরিদর্শন সম্পাদিত | প্রতি জেলায় উপজেলা/থানায় বছরে গড়ে ন্যূনতম ৩০টি সমবায় সমিতি পরিদর্শন। উপজেলা অফিস হতে প্রতিমাসে গড়ে ২টি করে বছরে ন্যূনতম ২৪টি, জেলা অফিস হতে বছরে কমপক্ষে ৪টি এবং বিভাগীয় কার্যালয়/প্রধান কার্যালয় হতে বছরে কমপক্ষে ২টি | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.২.৪] সমিতির নিরীক্ষা সম্পাদিত | সরকারী জনবল ও সম্পদের সর্বোচ্চ ব্যবহার এবং নিরীক্ষার গুণগত মান বজায় রাখার স্বার্থে কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন। | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | সমবায় সমিতি আইনের ১৭(৩) ধারা অনুযায়ী নিরীক্ষা সম্পাদনকৃত সমবায় সমিতির এজিএম অনুষ্ঠান নিশ্চিত করা। | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত থাকলেও পরিমাপের একক পরিবর্তিত হয়েছে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | সমবায় বিধিমালা ২০০৪ এর ১০৮(১) বিধি অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তি ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের ৩০ জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় নিরীক্ষা ফি শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলা/থানাওয়ারী আদায়যোগ্য নিরীক্ষা ফি এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত থাকলেও পরিমাপের একক পরিবর্তিত হয়েছে। |
| | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | সমবায় বিধিমালা ২০০৪ এর ৮৪(২) বিধি অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তি ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের ৩০ জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় সিডিএফ শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলা/থানাওয়ারী আদায়যোগ্য সিডিএফ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত থাকলেও পরিমাপের একক পরিবর্তিত হয়েছে। |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদানুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ) | বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ কর্তৃক প্রদত্ত সমবায় ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত তথ্যের সমষ্টি | বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত 'সমবায়ী প্রশিক্ষণ (আইজিএ/ব্যবস্থাপনা)' বিষয় হতে পৃথক করা |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | হয়েছে। |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সফল সমবায়ী এবং সমবায় প্রতিষ্ঠানকে কাজের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার প্রদান | উপজেলা ও জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | সংশ্লিষ্ট অনুবিভাগের প্রদত্ত তথ্যের সমষ্টি | নতুন সংযোজন। |
| | [৩.৩.২] জাতীয় বিভিন্ন পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | স্বাধীনতা পদক, একুশে পদক, বঙ্গবন্ধু কৃষি পদক, বেগম রোকেয়া পুরস্কার, পরিবেশ পদকসহ সময়ে সময়ে উর্ধ্বতন অফিস হতে চাওয়া তথ্যের প্রেক্ষিতে উপজেলা/থানাধীন সমবায় সমিতি কিংবা সমিতির সদস্যগণের মধ্য হতে যোগ্য ব্যক্তিদের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত কাজ করা। | উপজেলা ও জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | নতুন সংযোজন। |
| [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] সেমিনার/ কর্মশালা আয়োজিত | সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধিকল্পে সমকালীন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আয়োজিত কর্মশালা ও সেমিনার | বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | নতুন সংযোজন। |
| | [৩.৪.২] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | নাগরিক সেবা সহজ করার জন্য বিভাগীয় কার্যালয় হতে গৃহীত উদ্ভাবনী ধারণা গ্রহণ ও পাইলটিং কিংবা অন্য কোন দপ্তর কর্তৃক গৃহীত উদ্ভাবনী ধারণা রেপ্লিকেটিং করা। | উপজেলা ও জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | নতুন সংযোজন। |

## সংযোজনী ৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ২ | | ৩ | ৪ | ৫ | ৭ |
| বিআরডিবি | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | বিআরডিভি ভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | নিবন্ধিত সমবায় সমূতের মধ্যে ১৭৬৩২ টি সমবায় বিআরডিবি আওতাভুক্ত। উক্ত সমবায় সমূতের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| কাল্ব | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | কাল্বভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | নিবন্ধিত সমবায় সমূতের মধ্যে ৫৫ টি সমবায় কালব আওতাভুক্ত। উক্ত সমবায় সমূতের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব কালব কর্তৃপক্ষের। | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| কৃষি সম্প্রসারণ/ প্রাণি সম্পদ অধিদপ্তর | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | সিআইজিভুক্ত সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | কৃষি সম্প্রসারণ ও প্রাণি সম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত নিবন্ধিত সিআইজি সমবায় সমিতিগুলোর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগিতা। | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরূপ প্রভাব |
| এলজিইডি | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | এলজিইডি এর অধীনে প্রকল্পভুক্ত পাবসস এর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগিতা। | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরূপ প্রভাব |

*******